বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

# সাধারণ বীমা কর্পোরেশন

SADHARAN BIMA CORPORATION

মুজিব শতবর্ষ MUJIB 100

"করব বীমা গড়ব দেশ, বঙ্গবন্ধুর বাংলাদেশ"

## সাধারণ বীমা কর্পোরেশনের তথ্য অধিকার আইন ও বিধিবিধান সংক্রান্ত প্রচার পত্র

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুদুরপ্রসারী ও গতিশীল নেতৃত্বে ১৯৭১ সনের ১৬ ডিসেম্বর পৃথিবীর বুকে 'বাংলাদেশ' নামক স্বাধীন ও সার্বভৌম ভূখন্ড জন্ম লাভ করে। বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীতে যুদ্ধ বিধস্ত সদ্য স্বাধীন বাংলাদেশকে সুদৃঢ় অর্থনৈতিক ভিত্তির উপর প্রতিষ্ঠিত করার ক্ষেত্রে বঙ্গবন্ধুর একান্তিক প্রচেষ্টাকে আমরা শ্রদ্ধাভরে স্মরণ করি। দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন করে একটি কল্যাণমূলক রাষ্ট্র তথা সোনার বাংলা প্রতিষ্ঠা করাই ছিল বঙ্গবন্ধুর লক্ষ্য। সাধারণ বীমা কর্পোরেশন বঙ্গবন্ধুর স্মৃতিবিজড়িত একটি নন-লাইফ বীমা প্রতিষ্ঠান। উল্লেখ্য যে, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ষাটের দশকে তৎকালীন নন-লাইফ বীমা কোম্পানী আলফা ইন্স্যুরেন্স কোম্পানীতে 'কন্ট্রোলার অব এজেন্সীস' পদে পূর্ব পাকিস্তানের প্রধান হিসেবে কর্মরত ছিলেন। স্বাধীনতা পরবর্তীকালে জাতীয়করণের অংশ হিসেবে ১৯৭২ সনে সর্বমোট ৫টি (লাইফ ও নন-লাইফ সমন্বয়ে) বীমা কর্পোরেশন গঠিত হলেও পরবর্তীতে উক্ত আলফা ইন্স্যুরেন্স কোম্পানীসহ পূর্ব পাকিস্তান অংশের ৪৯টি নন-লাইফ বীমা কোম্পানী এবং পাকিস্তান ইন্স্যুরেন্স কর্পোরেশনের (পিআইসি) সমন্বয়ে (পূর্ব পাকিস্তান অংশ) ১৯৭৩ সালে 'The Insurance Corporation Act VI, ১৯৭৩' বলে নন-লাইফ বীমা ব্যবসা পরিচালনা করার জন্য সাধারণ বীমা কর্পোরেশন প্রতিষ্ঠা লাভ করে। উল্লেখ্য, **Insurance Corporations Act**, ১৯৭৩ রহিতক্রমে উহা পরিমার্জনপূর্বক সময়োপযোগী করিয়া নূতনভাবে প্রণয়নের উদ্দেশ্যে প্রণীত আইন গত ৯ মে,২০১৯ তারিখে **বীমা কর্পোরেশন আইন'২০১৯** জারি করা হয়। সাধারণ বীমা কর্পোরেশনের অনুমোদিত মূলধন ১০০০ (এক হাজার) কোটি টাকা এবং পরিশোধিত মূলধন ৫০০ (পাঁচশত) কোটি টাকা।

### সাধারণ বীমা কর্পোরেশনের প্রধান কার্যাবলী কার্যাবলী নিম্নরূপ:

১. অনিশ্চিত ঝুঁকিকে আবরিত করে প্রিমিয়াম আয়; ২. উত্থাপিত দাবীকে দ্রুত নিষ্পত্তি করে দেশের অর্থনীতির চাকাকে সচল রাখা; ৩. জাতীয় ঝুঁকিকে পুনঃবীমার মাধ্যমে বহিঃবিশ্বে ছড়িয়ে দিয়ে জাতীয় সম্পদের ঝুঁকি নিরাপদ করার সাথে সাথে বৈদেশিক মুদ্রার ভান্ডার বৃদ্ধি করা; এবং ৪. লাভজনক খাতে বিনিয়োগ

৫.সাধারণ বীমা কর্পোরেশন সরকারের সর্বোচ্চ অগ্রাধিকারপ্রাপ্ত যেমন-পদ্মা সেতু, পদ্মা সেতুতে রেল সংযোগ, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র, রামপাল বিদ্যুৎ কেন্দ্র, মাতারবাড়ী বিদ্যুৎ কেন্দ্র, মেট্রোরেল প্রকল্প, এলএনজি টার্মিনাল ও গ্যাস পাইপলাইন প্রকল্প, পায়রা গভীর সমুদ্রবন্দর, দোহাজারী-রামু হয়ে কক্সবাজার এবং রামু-মিয়ানমারের কাছে ঘুমধুম পর্যন্ত সিঙ্গেল লাইন ডুয়েলগেজ ট্র্যাক নির্মানাধীন মেগা প্রকল্পসহ বিভিন্ন উন্নয়ন প্রকল্পসমূহে বীমা কভারেজ প্রদান করা হচ্ছে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে চিন্তা, বিবেক ও বাকস্বাধীনতা নাগরিকদের অন্যতম মৌলিক অধিকার হিসেবে স্বীকৃত। এরই ধারাবাহিকতায় মাননীয় প্রাধানমন্ত্রীর উদ্যোগে বর্তমান সরকার এপ্রিল ৬, ২০০৯ তারিখ তথ্য অধিকার আইন, ২০০৯ প্রণয়ন করেছে। প্রণীত এই আইনের ৪ ধারায় প্রত্যেক নাগরিকের তথ্য লাভের অধিকারকে স্বীকৃতি প্রদান করা হয়েছে। তথ্যের অবাধ প্রবাহ এবং জনগণের তথ্য অধিকার নিশ্চিত করার জন্য তথ্য কমিশন গঠন করা হয়েছে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জনগণের জানার অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে সরকারি ও বেসরকারি সংগঠনের স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি, দুর্ণীতি হ্রাস ও সুশাসন প্রতিষ্ঠা; জনগণের চিন্তা, বিবেক ও বাকস্বাধীনতার সাংবিধানিক অধিকার প্রতিষ্ঠা সর্বোপরি জনগণের ক্ষমতায়নের লক্ষ্যে তথ্য-অধিকার নিশ্চিত

করতে গত ২৯ মার্চ ২০০৯ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ পাস করেছে। আইনের কার্যকর বাস্তবায়নের জন্য ইতিমধ্যে তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এবং তথ্য অধিকার সংক্রান্ত তিনটি প্রবিধানমালাও প্রণীত হয়েছে।তথ্য অধিকার গণতান্ত্রিক ব্যবস্থাকে আরো সুসংহত করার অন্যতম শর্ত। সাধারণ বীমা কর্পোরেশনের তথ্য জনগণের কাছে উন্মুক্ত হলে সাধারণ বীমা কর্পোরেশনের কার্যক্রম সম্পর্কে জনগণের আস্থা বৃদ্ধি পাবে । এতে প্রতিষ্ঠানের স্বচ্ছতা এবং জনগণের কাছে সকল কাজের জবাবদিহি প্রতিস্থিত হবে।জনগনের জন্য অবাধ তথ্যপ্রবাহ নিশ্চিত করার যে নীতি সরকার গ্রহণ করেছে, তার সঙ্গে সংগতিপূর্ণভাবে সরকারের সহযোগী হিসেবে সাধারণ বীমা কর্পোরেশন অবাধ তথ্যপ্রবাহের চর্চা নিশ্চিত করতে বদ্ধপরিকর।

## তথ্য অধিকার

কর্তৃপক্ষের নিকট হইতে প্রত্যেক নাগরিকের তথ্য লাভের অধিকার থাকিবে এবং কোন নাগরিকের অনুরোধের প্রেক্ষিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাহাকে তথ্য সরবরাহ করিতে বাধ্য থাকিবে।

## তথ্য প্রদান পদ্ধতি

(১) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ধারা ৮ এর উপ-ধারা (১) এর অধীন অনুরোধ প্রাপ্তির তারিখ হইতে অনধিক ২০ (বিশ) কার্য দিবসের মধ্যে অনুরোধকৃত তথ্য সরবরাহ করিবেন।

(২) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, অনুরোধকৃত তথ্যের সহিত একাধিক তথ্য প্রদান ইউনিট বা কর্তৃপক্ষের সংশ্লিষ্টতা থাকিলে অনধিক ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে উক্ত অনুরোধকৃত তথ্য সরবরাহ করিতে হইবে।

(৩) উপ-ধারা (১) ও (২) এ যাহা কিছুই থাকুক না কেন, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কোন কারণে তথ্য প্রদানে অপারগ হইলে অপারগতার কারণ উল্লেখ করিয়া আবেদন প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে তিনি উহা অনুরোধকারীকে অবহিত করিবেন।

(৪) উপ-ধারা (১) এবং (২) এ যাহা কিছুই থাকুক না কেন, ধারা ৮ এর উপ-ধারা (১) এর অধীন অনুরোধকৃত তথ্য কোন ব্যক্তির জীবন-মৃত্যু, গ্রেফতার এবং কারাগার হইতে মুক্তি সম্পর্কিত হইলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনুরোধ প্রাপ্তির ২৪ (চব্বিশ) ঘন্টার মধ্যে উক্ত বিষয়ে প্রাথমিক তথ্য সরবরাহ করিবেন।

(৫) উপ-ধারা (১), (২) বা (৪) এ উল্লিখিত সময়সীমার মধ্যে তথ্য সরবরাহ করিতে কোন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ব্যর্থ হইলে সংশ্লিষ্ট তথ্য প্রাপ্তির অনুরোধ প্রত্যাখ্যান করা হইয়াছে বলিয়া গণ্য হইবে

(৬) কোন অনুরোধকৃত তথ্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট সরবরাহের জন্য মজুদ থাকিলে তিনি উক্ত তথ্যের যুক্তিসংগত মূল্য নির্ধারণ করিবেন এবং উক্ত মূল্য অনধিক ৫ (পাঁচ) কার্য দিবসের মধ্যে পরিশোধ করিবার জন্য অনুরোধকারীকে অবহিত করিবেন।

(৭) উপ-ধারা (৬) এর অধীন মূল্য নির্ধারণের ক্ষেত্রে তথ্য প্রদানের প্রকৃত ব্যয় যেমন- তথ্যের মুদ্রিত মূল্য, ইলেক্ট্রনিক ফরমেট এর মূল্য কিংবা ফটোকপি বা প্রিন্ট আউট সংক্রান্ত যে ব্যয় হইবে উহা হইতে অধিক মূল্য নির্ধারণ করা যাইবে না।

(৮) ধারা ৮ এর উপ-ধারা (১) এর অধীন অনুরোধকৃত তথ্য প্রদান করা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট যথাযথ বিবেচিত হইলে এবং যেক্ষেত্রে উক্ত তথ্য তৃতীয় পক্ষ কর্তৃক সরবরাহ করা হইয়াছে কিংবা উক্ত তথ্যে তৃতীয় পক্ষের স্বার্থ জড়িত রহিয়াছে এবং তৃতীয় পক্ষ উহা গোপনীয় তথ্য হিসাবে গণ্য করিয়াছে সেইক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উক্তরূপ অনুরোধ প্রাপ্তির ৫ (পাঁচ) কার্য দিবসের মধ্যে তৃতীয় পক্ষকে উহার লিখিত বা মৌখিক মতামত চাহিয়া নোটিশ প্রদান করিবেন এবং তৃতীয় পক্ষ এইরূপ নোটিশের প্রেক্ষিতে কোন মতামত প্রদান করিলে উহা বিবেচনায় লইয়া দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনুরোধকারীকে তথ্য প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিবেন।

(৯) ধারা ৭ এ যাহা কিছুই থাকুক না কেন, তথ্য প্রকাশের জন্য বাধ্যতামূলক নয়, এইরূপ তথ্যের সহিত সম্পর্কযুক্ত হইবার কারণে কোন অনুরোধ সম্পূর্ণ প্রত্যাখান করা যাইবে না এবং অনুরোধের যতটুকু অংশ প্রকাশের জন্য বাধ্যতামূলক নয় এবং যতটুকু অংশ যৌক্তিকভাবে পৃথক করা সম্ভব, ততটুকু অংশ অনুরোধকারীকে সরবরাহ করিতে হইবে।

(১০) কোন ইন্দ্রীয় প্রতিবন্ধী ব্যক্তিকে কোন রেকর্ড বা উহার অংশবিশেষ জানাইবার প্রয়োজন হইলে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উক্ত প্রতিবন্ধী ব্যক্তিকে তথ্য লাভে সহায়তা প্রদান করিবেন এবং পরিদর্শনের জন্য যে ধরণের সহযোগিতা প্রয়োজন তাহা প্রদান করাও এই সহায়তার অন্তর্ভুক্ত বলিয়া গণ্য হইবে৷

নিম্নলিখিত তথ্যসমূহ প্রদান ও প্রকাশ করতে কর্তৃপক্ষ বাধ্য থাকবে না-

- কোন তথ্য প্রকাশের ফলে বাংলাদেশের নিরাপত্তা, অখন্ডতা ও সার্বভৌমত্বের প্রতি হুমকি হতে পারে এরূপ তথ্য;
- কর্মী ও উপকারভোগীর ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুণ্ণণ হয়, এরূপ তথ্য।
- বিচারাধীন মামলার তথ্য যা ওই মামলার সুষ্ঠু বিচারকার্যকে ব্যাহত করতে পারে, এরূপ তথ্য।
- তদমত্মাধীন বিষয় সংশ্লিষ্ট কোনো তথ্য, যার প্রকাশ তদন্তকাজে বিঘ্ন ঘটাতে পারে।
- কোনো ক্রয় কার্যক্রমের বিষয়ে সিদ্ধান্ত নেয়ার আগে সংশ্লিষ্ট ক্রয় বা এর কার্যক্রম সংক্রান্ত কোনো তথ্য।
- গবেষণার সূত্র বা কৌশল বা কারো বুদ্ধিবৃত্তিক সম্পদের অধিকার ক্ষতিগ্রস্থ হতে পারে, এরূপ তথ্য।
- নিয়োগ পরীক্ষার প্রশ্নপত্র ও পরীক্ষার ফলাফল সংক্রান্ত আগাম তথ্য, ইত্যাদি।

## দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তালিকা

| ক্র. | দায়িত্বপ্রাপ্ত | কর্মকর্তার নাম ও পদবি | ফোন, মোবাইল, ফ্যাক্স, ই-মেইল | যোগাযোগের ঠিকানা |
|---|---|---|---|---|
| ১. | কর্মকর্তার নাম ও পদবি | জনাব শাহ্ মুহাম্মাদ সানওয়ার আলম<br>সহকারী জেনারেল ম্যানেজার<br>আইটি বিভাগ<br>প্রধান কার্যালয়, ঢাকা। | ফোন: +৮৮-০২- ৯৫৬১৫০৭<br>মোবাইল: ০১৭১৫৮৯৪৬২১<br>ইমেইল: shah.sanwar@sbc.gov.bd<br>ওয়েবসাইট:www.sbc.gov.bd | আইটি বিভাগ<br>সাধারণ বীমা কর্পোরেশন<br>প্রধান কার্যালয়,<br>৩৩, দিলকুশা বা/এ,<br>ঢাকা-১০০০, বাংলাদেশ। |
| ২ | বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবি | জনাব এমদাদুল হক<br>সিনিয়র প্রোগ্রামার | ফোনঃ +৮৮-০২- ৯৫৬১৫০৭<br>মোবাইল: +৮৮-০১৭১০৫৯৬৭১৪<br>ই-মেইলঃ a.haque@sbc.gov.bd<br>ওয়েবসাইট:www.sbc.gov.bd | আইটি বিভাগ<br>সাধারণ বীমা কর্পোরেশন<br>প্রধান কার্যালয়,<br>৩৩, দিলকুশা বা/এ,<br>ঢাকা-১০০০, বাংলাদেশ। |
| ৩ | আপিল কর্তৃপক্ষের তালিকা | ব্যবস্থাপনা পরিচালক | ফোনঃ +৮৮-০২-৯৫৫২০৭০<br>ফ্যাক্সঃ +৮৮-০২-৯৫৬৪১৯৭<br>ই-মেইলঃ info@sbc.gov.bd | সাধারণ বীমা কর্পোরেশন<br>প্রধান কার্যালয়,<br>৩৩, দিলকুশা বা/এ,<br>ঢাকা-১০০০, বাংলাদেশ। |